

চাবর সেশনজট কাটাতে বছরের কোর্স ৮ মাস করার চিন্তা-ভাবনা

॥ চবি সংবাদদাতা ॥

দীর্ঘ দুই মাসের অনাকার্ষিকত বন্ধের ফলে স্টু সেশনজট কাটিয়ে উঠতে বিশেষ ব্যবস্থা নিচ্ছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এক বছরের কোর্স আট মাসে কমিয়ে আনতে প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে কয়েকটি বিভাগ। পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের সাথে সমন্বয় করে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছে সংশ্লিষ্ট বিভাগগুলো। গত ২২ আগস্ট ছাত্র-পুলিশ সংঘর্ষের পর সরকারী নির্দেশে দেশের

অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ও বন্ধ হয়ে যায়। এ সময় দর্শন, মার্কেটিং, একাউন্টিং, পরিসংখ্যানসহ প্রায় ১৮টি বিভাগের বিভিন্ন বর্ষের চলতি পরীক্ষা মান্বপথে বন্ধ হয়ে যায়।

বিশ্ববিদ্যালয় খোলার পর যখন প্রায় ছয় মাসের সেশন জটের দুর্ভাগ্য ছাত্র-ছাত্রীদের তাড়া করছে তখনই বিশেষ ব্যবস্থায় এই সেশনজট কমিয়ে আনার চিন্তা করছে কর্তৃপক্ষ। কলা অনুষদের ডীন প্রফেসর মনসুর উদ্দিন আহমদ এ ব্যাপারে ইত্তেফাককে (১৯শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

চবির সেশনজট

(২০শ পৃঃ পর)

বলেন, 'সংশ্লিষ্ট বিভাগের শিক্ষকরা আন্তরিক হলেই সেশনজট থাকে না। তিনি বলেন, সেশনজট নিরসনে এক বছরের কোর্সকে কমিয়ে আট মাসে সমাপ্ত করার চিন্তা করা হচ্ছে।

কয়েকটি বিভাগে খোঁজ নিয়ে জানা গেছে, উক্ত বিভাগগুলো ইতোমধ্যে এ ব্যাপারে একাডেমিক কমিটির বৈঠক করে একটি প্রস্তাব তৈরি করেছেন। এটি এখন পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণের অপেক্ষায়। পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের সাথে সমন্বয়ের পর এটি কার্যকর করা হবে বলে সংশ্লিষ্ট বিভাগ সূত্রে জানা গেছে।